# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫০৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসব সালাত যা তিনি বাহনের উপর পড়তেন, এগুলি নফল সালাত ছিল; ফরয সালাত ছিল না

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ الصَّلَاةَ الَّتِي كَانَ يُصَلِّيهَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى رَاحِلَتِهِ كَانَتْ صَلَاةَ سُبْحَةٍ لَا فَرِيضَةٍ

---

আরবী

2509 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ أَبِي الزُّبَيْرِ مَوْلَى حَكِيمِ بْنِ حِزَامٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّهُ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ فَبَعَثَنِي مَبْعثاً فَأَتَيْتُهُ وَهُوَ يَسِيرُ فَسَلَّمْتُ عَلَيْهِ فَأَوْمَأَ بِيَدِهِ ثُمَّ سَلَّمْتُ فَأَشَارَ وَلَمْ يُكَلِّمْنِي فَنَادَانِي بَعْدُ وَقَالَ:

(إِنِّي كنت أصلي نافلة)

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2509 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (859): م.

বাংলা

২৫০৯. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে এক সফরে ছিলাম। অতঃপর আমাকে একটা প্রয়োজনে আমাকে পাঠান অতঃপর আমি তাঁর কাছে আসি, এসময় তিনি সফরে চলমান ছিলেন। আমি তাঁকে সালাম দেই। তিনি তাঁর হাত দিয়ে ইশারা করেন। তারপর আমি আবারো তাঁকে সালাম দেই। এবারো তিনি তাঁর হাত দিয়ে ইশারা করেন, কিন্তু কোন কথা বলেননি। পরে তিনি আমাকে ডেকে বলেন, “নিশ্চয়ই আমি সে সময় নফল সালাত আদায় করছিলাম।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৩৪; সহীহ মুসলিম: ৫৪০; নাসাঈ: ৩/৬; ইবনু মাজাহ: ১০১৮; সুনান বাইহাকী: ২/২৫৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91835

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন